**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 9/23/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

# জলবায়ু সপ্তাহ চলাকালীন, হেম্পস্টেড লেক স্টেট পার্কে পরিবেশগত শিক্ষা এবং স্থিতিস্থাপকতা কেন্দ্র (ENVIRONMENTAL EDUCATION AND RESILIENCY CENTER) চালু করারঘোষণা করেছেন গভর্নর হোচুল

***জলবায়ু পরিবর্তনের প্রভাব সম্পর্কে বোধগম্যতা অগ্রসর করে***

***বন্যা কমাতে ল্যান্ডমার্ক প্রকল্পের অংশ, মিল রিভার করিডর বরাবর পানির গুণমান উন্নত করা***

***পুলিশ এবং স্থানীয় যুবকদের মধ্যে ইতিবাচক সম্পৃক্ততা গড়ে তোলার জন্য স্থান প্রদান করে***

***টেনিস কোর্ট কমপ্লেক্সের সংস্কার সম্পূর্ণ***

জলবায়ু সপ্তাহের সময়, গভর্নর ক্যাথি হোচুল আজ নাসাউ কাউন্টির হেম্পস্টেড লেক স্টেট পার্কে 8.3 মিলিয়ন মার্কিন ডলারের পরিবেশগত শিক্ষা ও স্থিতিস্থাপকতা কেন্দ্র খোলার ঘোষণা করেছেন। এই 8,000 বর্গফুটের কেন্দ্রটি ঝড়ের স্থিতিস্থাপকতা এবং পরিবেশ ব্যবস্থাপনা বিষয়ে হাতে-কলমে শিক্ষা প্রদান করে; সম্প্রদায়ের প্রচারের জন্য স্থান প্রদান করে; এবং দুর্যোগ প্রতিক্রিয়ার সময় জরুরী সমন্বয় কেন্দ্র হিসেবে কাজ করে। মার্কিন ডিপার্টমেন্ট অফ হাউজিং অ্যান্ড আরবান ডেভেলপমেন্টের (U.S. Department of Housing and Urban Development) অর্থায়নে রিবিল্ড বাই ডিজাইন -লিভিং উইথ দ্য বে এর অংশ হিসেবে মিল নদীর করিডোর বরাবর বন্যার ঝুঁকি কমাতে, পানির গুণমান উন্নত করতে এবং বিনোদনমূলক প্রবেশাধিকার সমৃদ্ধ করতে 35 মিলিয়ন মার্কিন ডলারের পার্ক ব্যাপী প্রকল্পের অংশ এই কেন্দ্রটি।

"হেম্পস্টেড এনভায়রনমেন্টাল এডুকেশন অ্যান্ড রেসিলেন্সি সেন্টার হল নিউ ইয়র্ক রাজ্যের জলবায়ু পরিবর্তনের এই যুগে পরিবেশ রক্ষার এবং স্বাস্থ্যকর বহিরঙ্গন বিনোদনের অ্যাক্সেস প্রসারিত করার উদ্ভাবনী কাজের একটি উদাহরণ" **গভর্নর হোচুল বলেন।** "লং আইল্যান্ডবাসী নিজেরাই জানেন যে চরম আবহাওয়ার ধ্বংসাত্মক প্রভাবগুলি কীভাবে আমাদের সম্প্রদায়গুলিকে প্রভাবিত করছে। এই কেন্দ্রটি দর্শনার্থীদেরকে জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াইয়ে যোগ দিতে, ভবিষ্যতের প্রজন্মের জন্য আমাদের পরিবেশ রক্ষা করতে এবং মানুষকে বেরিয়ে আসতে এবং এই চমৎকার পার্ক উপভোগ করতে উৎসাহিত করার জন্য প্রয়োজনীয় জ্ঞান প্রদান করবে।"

জলবায়ু সপ্তাহের সময় প্রতি বছর, নিউ ইয়র্ক স্টেট স্থানীয়, জাতীয় এবং আন্তর্জাতিক অংশীদারদের সাথে মিলে জলবায়ু পরিবর্তনের প্রভাব সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করে। জলবায়ু সপ্তাহ গ্রিনহাউস গ্যাস নির্গমন কমাতে এবং চরম আবহাওয়ার বিরুদ্ধে পরিকাঠামোগত স্থিতিস্থাপকতা উন্নয়নের ক্ষেত্রে রাজ্যের নেতৃত্ব অব্যাহত রাখার সুযোগ দেয়।

এনভায়রনমেন্টাল এডুকেশন অ্যান্ড রেসিলেন্সি সেন্টার হেম্পস্টিড লেক স্টেট পার্কের পশ্চিম প্রবেশদ্বারের কাছে লেকভিউ এবং হ্যাম্পস্টেড গ্রামের নিকট অবস্থিত, যা হল দুটি ঐতিহাসিকভাবে অপ্রতুল এবং জাতিগতভাবে বৈচিত্র্যপূর্ণ সম্প্রদায়। কেন্দ্রটি পার্কের উন্নত ওয়াটারফ্রন্টের সাথে সংযোগের ট্রেলয়ের কেন্দ্রবিন্দু হিসেবে কাজ করবে, সেই সাথে কায়াক লঞ্চ এবং ফিশিং পিয়ারের সাথে লেক এবং পুকরগুলির সরাসরি প্রবেশাধিকার প্রদান করবে। কেন্দ্রটিতে জলবায়ু পরিবর্তনের প্রভাব, সম্প্রদায়ের স্থিতিস্থাপকতা প্রক্রিয়া এবং পরিবেশগত ব্যবস্থাপনা ব্যাখ্যা করে প্রদর্শনীর ব্যবস্থা এবং তথ্য রয়েছে এবং এতে হেম্পস্টেড হ্রদের সম্মুখীন একটি ডেক রয়েছে। অতিরিক্ত বছরব্যাপী শিক্ষা প্রোগ্রামিং মিল নদীর ওয়াটারশেডের সাথে সম্প্রদায়ের বোঝাপড়া এবং সম্পর্ককে উন্নত করবে।

কেন্দ্রটিতে পরিবেশগত শিক্ষা, অলাভজনক সংস্থা, শিক্ষাপ্রতিষ্ঠান এবং সম্প্রদায় সংগঠনের জন্য কমিউনিটি স্পেস অন্তর্ভুক্ত। নাসাউ কাউন্টি পুলিশ এনফোর্সমেন্ট এক্সপ্লোরার প্রোগ্রাম, নাসাউ কাউন্টি পুলিশ বিভাগ (Nassau County Police Department) দ্বারা পরিচালিত, স্থানীয় সম্প্রদায়ের প্রচারের জন্য, গ্যাং সহিংসতা মোকাবেলা করতে তরুণদের মেন্টরিং এবং শিক্ষার মাধ্যমে ইতিবাচকভাবে সম্পৃক্ত করতে কেন্দ্রটি ব্যবহার করার পরিকল্পনা করেছে।

এই ফেসিলিটিটি প্রথম প্রতিক্রিয়াকারীদের জন্য স্থানীয় দুর্যোগ প্রতিক্রিয়া সমন্বয়ের জন্য একটি ঝড়ের প্রতিক্রিয়ার "কমান্ড পোস্ট" হিসাবে কাজ করতে পারে, সেই সাথে ইউটিলিটি কোম্পানিগুলির জন্য একটি এলাকা হিসেবে কাজ করে সরঞ্জামের ব্যবস্থা সমন্বয় করার জন্য, গুরুত্বপূর্ণ ইউটিলিটি পুনরুদ্ধারের জন্য তাদের জরুরী প্রতিক্রিয়া সমৃদ্ধ করে।

কেন্দ্রটি নিম্নলিখিত মূল বৈশিষ্ট্যগুলির সাথে পরিবেশগত প্রভাব কমাতে নির্মিত হয়েছিল:

- উচ্চ কর্মক্ষমতা বিল্ডিং এনভেলপ এবং HVAC সিস্টেম।
- ফোটোভোলটাইক ছাদের প্যানেল, অকুপেন্সি সেন্সিং সহ LED আলো এবং বৈদ্যুতিক ব্যবহার অফসেট করার জন্য দিনের আলো সংগ্রহ।
- উচ্চ দক্ষতা, কম/কোন পানি ছাড়া নদীর প্লাম্বিং ফিক্সচার।
- পাখির জন্য অনুকূল জানালা এবং দরজার গ্লেজিং।

**স্টেট পার্কসের কমিশনার এরিক কুলসেইড বলেন,** "কেন্দ্র আমাদের পরিবর্তনশীল জলবায়ু সম্পর্কে অন্তর্দৃষ্টিপূর্ণ শিক্ষা প্রদান করবে এবং দর্শনার্থীদের সক্রিয় হতে, পরিবেশের হতে কলমে তত্ত্বাবধায়ক সাহায্য করবে, পার্কটি অন্বেষণ করার জন্য সম্প্রদায়ের প্রবেশদ্বার হিসেবে কাজ করার সাথে। আমি গভর্নর হোচুল এবং আমাদের সকল অংশীদারদের প্রতি

অত্যন্ত কৃতজ্ঞ, সমাজের জন্য একটি অতি প্রয়োজনীয় আধুনিক শিক্ষার ফেসিলিটি নিয়ে আসতে আনতে সাহায্য করার জন্য।"

**নিউ ইয়র্ক স্টেট হোমস এবং কমিউনিটি রিনিউয়ালের (New York State Homes and Community Renewal) কমিশনার রুথ অ্যানি ভিসনাউকাস বলেন,** "জলবায়ু পরিবর্তনের প্রভাবগুলির সাথে আমরা লড়াই করার সাথে, আমরা যে চ্যালেঞ্জগুলির মুখোমুখি হই সে সম্পর্কে আমাদের জ্ঞান যত গভীর হবে, তত আমরা তাদের নিরাপদভাবে, বুদ্ধিমানভাবে এবং কার্যকরভাবে মোকাবেলা করতে পারব। 125 মিলিয়ন মার্কিন ডলারের লিভিং উইথ দ্য বে উদ্যোগের অংশ হিসাবে, অত্যাধুনিক পরিবেশগত শিক্ষা এবং স্থিতিস্থাপকতা কেন্দ্র দুর্যোগ মোকাবিলায় একটি গুরুত্বপূর্ণ বিনিয়োগ, কিন্তু টার সাথে ব্যক্তিগত স্থিতিস্থাপকতা, নিরাপত্তা এবং সচেতনতা বৃদ্ধির জন্যও একটি বিনিয়োগ। গভর্নর হোচুল এবং রাজ্য এবং স্থানীয় সরকারে আমাদের অংশীদাররা আবারও প্রমাণ করেছেন যে আমরা হেম্পস্টেডের মতো সম্প্রদায়গুলিকে সুরক্ষিত রাখার জন্য যেমন আমাদের কায়িক পরিকাঠামোকে শক্তিশালী করি, তেমনি আমরা মানুষের জীবনের মান উন্নয়নেও মনোনিবেশ করতে পারি।"

**গভর্নরস অফিস অফ স্টর্ম রিকভারির (Governor's Office of Storm Recovery) আবাসন, বাইআউট এবং অধিগ্রহণের জন্য ডেপুটি একজিকিউটিভ ডিরেক্টর বলেন,** "গভর্নরের অফিস অফ স্টর্ম রিকভারি হেম্পস্টেড লেক স্টেট পার্কে নতুন শিক্ষা ও স্থিতিস্থাপকতা কেন্দ্রের সমাপ্তি উদযাপন করতে পেরে আনন্দিত লেকভিউ, হেম্পস্টিড এবং নাসাউ কাউন্টির সমস্ত বাসিন্দাদের সাথে। আমরা নিউ ইয়র্ক স্টেট পার্কসের সাথে আমাদের অব্যাহত অংশীদারিত্বের জন্য উন্মুখ যখন আমরা এই গুরুত্বপূর্ণ সম্প্রদায়ের সংস্থানকে সমৃদ্ধ করার জন্য কাজ করছি আসন্ন বহু বছরের জন্য লিভিং উইথ দ্য বে এর লক্ষ্যগুলি, যা হল স্থিতিস্থাপকতা, পরিবেশ, এবং সম্প্রদায় উন্নত করা, তা বাস্তবায়ন করি।"

এই প্রকল্পটি স্টর্ম রিকভারির গভর্নর অফিসের 125 মিলিয়ন মার্কিন ডলারের লিভিং উইথ বে উদ্যোগের অংশ, মিল নদীর তীর বরাবর এবং দক্ষিণ তীরের উপকূলের আশেপাশের সম্প্রদায়গুলিকে ঝড়ের উচ্ছাস থেকে হওয়া ক্ষয়ক্ষতি কমিয়ে এনে, সাধারণ বৃষ্টির ঘটনা থেকে ক্ষতি কমানোর জন্য ঝড়ের পানির ব্যবস্থাপনা করে, বাসস্থান এবং পানির গুণমান উন্নত করে, এবং শিক্ষাগত এবং বর্ধিত বিনোদন উভয় সুযোগের মাধ্যমে মিল নদীতে প্রবেশাধিকার বৃদ্ধি করে তাদের স্থিতিস্থাপকতা বৃদ্ধি করে। হেম্পস্টিড লেক পার্কে এখন যে উন্নতি চলছে তার মধ্যে রয়েছে: লং আইল্যান্ডের একমাত্র উচ্চ ঝুঁকিপূর্ণ বাঁধ - হেম্পস্টেড লেক বাঁধ আপগ্রেড করা; উত্তর -পশ্চিম-পুকুরের স্পিলওয়ে মেরামত; আশেপাশের অত্যন্ত শহুরে এলাকা থেকে ভাসমান ধ্বংসাবশেষ সিস্টেমে প্রবেশ করা আবর্জনার ব্যবস্থাপনার জন্য উত্তর পুকুরগুলিতে ভাসমান ক্যাচার ইনস্টল করা; উত্তর পুকুরগুলিতে ঝড়ের পানি এবং পানির গুণমানের উন্নতিসাধনের সরঞ্জাম স্থাপন; বাসস্থান পুনরুদ্ধার; ওয়াটারফ্রন্টের প্রবেশাধিকার জনসাধারণের জন্য উন্নত করতে পথচারীর সেতু সহ গ্রীনওয়ে ট্রেইলগুলির উন্নয়ন; হাইকিং, বাইকিং এবং ঘোড়ায় চড়ার জন্য পার্কের মধ্যে ট্রেইল সিস্টেম উন্নত করা।

**টেনিস কোর্ট কমপ্লেক্সের উন্নতিসাধনগুলি**

কেন্দ্রের উদ্বোধন পার্কের টেনিস কোর্ট কমপ্লেক্সকে পুনর্নির্মাণ ও আপগ্রেড করার জন্য একটি একাধিক-ফেজ প্রকল্পের সমাপ্তির সাথে মিলে যায়। 1 মিলিয়ন মার্কিন ডলারের প্রকল্পটি নষ্ট মাটি এবং সর্ব-আবহাওয়ার অ্যাসফল্ট টেনিস কোর্টগুলির পুনর্গঠন করে, ছয়টি নতুন পিকেল বল কোর্ট তৈরি করে, বাস্কেটবল কোর্ট সংস্কার করে এবং বাথরুমের সুবিধাগুলি পুনর্নির্মাণ করে। পার্ক, বিনোদন এবং ঐতিহাসিক সংরক্ষণের নিউ ইয়র্ক রাজ্যের অফিস 250টিরও বেশি পৃথক পার্ক, ঐতিহাসিক স্থান, বিনোদনমূলক পথ এবং নৌকার লঞ্চের তত্ত্বাবধান করে, যা 2020 সালে রেকর্ড 78 মিলিয়ন মানুষ পরিদর্শন করেছিল। এই বিনোদন এলাকাগুলির সম্পর্কে আরও তথ্যের জন্য, 518-474-0456 এ কল করুন বা পরিদর্শন করুন parks.ny.gov, ফেসবুক এ সংযোগ করুন, অথবা আমাদের অনুসরণ করুন টুইটারে। বিনামূল্যে নিউ ইয়র্ক রাজ্যের পার্কস এক্সপ্লোরার মোবাইল অ্যাপটি iOS এবং অ্যান্ড্রয়েড ডিভাইসের জন্য উপলব্ধ। ডাউনলোড করার জন্য ভিজিট করুন: গুগল প্লে স্টোর, NY স্টেট পার্কস এক্সপ্লোরার অ্যাপ অথবা অ্যাপল স্টোর, NY স্টেট পার্ক এক্সপ্লোরার অ্যাপে

**মার্কিন সেনেটর চাক শুমার বলেন,** "হারিকেন স্যান্ডির পরে, আমি ফেডারেল বিনিয়োগ বাবদ বহু বিলিয়ন মার্কিন ডলার পাওয়ার জন্য লড়াই করি নিউ ইয়র্ক জুড়ে সবুজ, স্থিতিস্থাপক পরিকাঠামোর জন্য, যার মধ্যে ছিল 125 মিলিয়ন মার্কিন ডলার যা মিল নদীর ওয়াটারশেডের বন্যা প্রতিরোধ প্রচেষ্টার জন্য নিবেদিত। এই পরিবেশগত শিক্ষা ও স্থিতিস্থাপকতার কেন্দ্র (Environmental Education and Resiliency Center) শুধু হেম্পস্টেড লেক রাজ্যের পার্কে নয়, কিন্তু দক্ষিণ -পশ্চিম নাসাউ কাউন্টিতে ঝড়ের ঢেউ থেকে রক্ষা করতে, জলের গুণমান উন্নত করতে, প্রাকৃতিক আবাসস্থল পুনরুদ্ধার করতে এবং পরিবর্তিত জলবায়ুতে আমাদের সম্প্রদায়গুলি যে চ্যালেঞ্জের মুখমুখি হয় সেই সম্বন্ধে আমাদের বোঝার জন্য অনেক অর্থনৈতিক প্রকল্পের মধ্যে একটি।"

**মার্কিন প্রতিনিধি ক্যাথলিন রাইস বলেন,** "আমি হেম্পস্টেড লেক রাজ্যের পার্কে পরিবেশগত শিক্ষা ও স্থিতিস্থাপকতার কেন্দ্র খোলার জন্য খুবই উচ্ছ্বসিত, যা স্থানীয় প্রচার ও শিক্ষামূলক কর্মসূচির স্থান হিসেবে কাজ করবে, সেই সাথে ঝড় ও অন্যান্য প্রাকৃতিক দুর্যোগের সময় জরুরি সমন্বয় কেন্দ্র হিসেবে কাজ করবে। জলবায়ু পরিবর্তনের আলোচনায় সংখ্যালঘু সম্প্রদায়গুলিকে প্রায়শই উপেক্ষা করা হয় এবং আমি আশাবাদী যে এই নতুন কেন্দ্রটি এটি পরিবর্তন করতে সাহায্য করবে। যেহেতু আমরা এখানে লং আইল্যান্ডে শক্তিশালী ঝড়, বন্যা এবং জলবায়ু পরিবর্তনের অন্যান্য পরিণতি দেখতে থাকি, আমি আমাদের স্থিতিস্থাপকতা এবং দুর্যোগ প্রতিক্রিয়ার ক্ষমতাকে উন্নত করার জন্য কংগ্রেসে ফেডারেল তহবিলের জন্য লড়াই চালিয়ে যাব।"

**সিনেটর কেভিন থমাস বলেছেন**, "পরিবেশগত শিক্ষা আমাদের প্রাকৃতিক বিশ্বকে সুস্থ রাখে, আমাদের অর্থনীতিকে উত্পাদনশীল করে এবং আমাদের সম্প্রদায়গুলিকে প্রাণবন্ত করে। হেম্পস্টেড লেক রাজ্যের পার্কের নতুন পরিবেশগত শিক্ষা ও স্থিতিস্থাপকতার কেন্দ্র ভবিষ্যতে প্রজন্মের জন্য পরিবেশগত বোঝাপড়া, প্রশংসা এবং সম্প্রদায়ের অংশগ্রহণকে প্রতিপালন করবে। আমি পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণের নিউ ইয়র্ক রাজ্যের অফিস (New York State Office of Parks, Recreation and Historic Preservation) এবং গভর্নর অফিস অফ স্টর্ম রিকভারিকে (Governor’s Office of Storm Recovery) ধন্যবাদ জানাতে চাই আমাদের মূল্যবান

প্রাকৃতিক সম্পদ রক্ষায় এবং বাসিন্দাদের জীবনমান উন্নত করার জন্য তাদের চলমান প্রচেষ্টার জন্য।"

**অ্যাসেম্বলির সদস্য টেলর ডার্লিং বলেন,** "আমি আনন্দিত যে হেম্পস্টেড লেক রাজ্যের পার্কের পরিবেশগত শিক্ষা ও স্থিতিস্থাপকতার কেন্দ্র চালু হচ্ছে!!! এটি একটি অভূতপূর্ব খবর। এই কেন্দ্রটি আমাদের সব বয়সের শিশুদের জন্য অনেক শিক্ষার সুযোগ এনে দেবে এবং শেষ পর্যন্ত বন্যা কমাতে এবং মিল রিভার করিডোর বরাবর জলের মান উন্নত করবে। এটি আমাদের বিপুল পরিবেশগত চাহিদার জন্য একটি অবিশ্বাস্য উত্তর। হেম্পস্টেড লেক রাজ্যের পার্ক বন্যপ্রাণীদের জন্য আশ্রয় এবং আমাদের বিশ্রাম এবং/অথবা শারীরিক ক্রিয়াকলাপের জন্য একটি শান্ত পরিবেশ। টেনিস কোর্ট কমপ্লেক্সের সংস্কার নিয়ে সম্প্রদায়টি খুবই উচ্ছ্বসিত। এই বিশাল উন্নতিগুলি আগামী বছরগুলির জন্য আরও ভাল অভিযানকে উৎসাহিত করবে। আমি তাদের সকলকে ধন্যবাদ জানাতে চাই যারা এই অগ্রগতিগুলিকে সম্ভব করেছে, বিশেষ করে আমাদের পার্ক বিভাগকে (আপনারা সকলে দারুণ!)। এটি জড়িত সকলের জন্য একটি মহান সাফল্য!!"

**অ্যাসেম্বলির সদস্য জুডি গ্রিফিন বলেন,** "সাম্প্রতিক ঝড়ের বৃদ্ধির সাথে, আমরা সবাই লং আইল্যান্ডে জলবায়ু পরিবর্তনের ক্ষতিকর প্রভাব প্রত্যক্ষ করেছি। অতএব এটা গুরুত্বপূর্ণ যে নিউ ইয়র্ক রাজ্য বহুমুখী দৃষ্টিভঙ্গিতে সিদ্ধান্তমূলক পদক্ষেপ নেওয়ার পথে এগিয়ে যাচ্ছে। হেম্পস্টেড লেক রাজ্যের এই নতুন পরিবেশগত শিক্ষা এবং স্থিতিস্থাপকতার কেন্দ্র আমাদের সম্প্রদায়কে ঝড়ের স্থিতিস্থাপকতা এবং জলবায়ু পরিবর্তনের প্রভাব সম্পর্কে শেখানোর ক্ষেত্রে একটি বড় পদক্ষেপ এবং আমি আমাদের জেলার কেন্দ্রে এটি থাকা নিয়ে গর্বিত। আমি এই বড় পরিবেশগত প্রকল্পটি সফল হওয়া নিশ্চিত করার জন্য গভর্নর হোচুলকে সাধুবাদ জানাই যেহেতু এটি আমাদের এলাকার জন্য অত্যন্ত উপকারী।"

**কাউন্টির কার্যনির্বাহী লরা কুরান বলেছেন,** "নাসাউ কাউন্টির জন্য এটি একটি দুর্দান্ত দিন। হেম্পস্টেড লেক রাজ্যের পার্কে চলমান নতুন স্থিতিস্থাপকতা, জলের গুণমান এবং আবাসস্থল উন্নতির পাশাপাশি, এই নতুন সুবিধাটি একটি শিক্ষাগত সম্প্রদায় কেন্দ্র হিসাবে কাজ করবে যা নাসাউ কাউন্টি PD সুবিধাবঞ্চিত পাড়ার যুবকদের জন্য আউটরিচ এবং মেন্টরশিপ প্রোগ্রামের জন্য ব্যবহার করবে। নাসাউ কাউন্টি রাজ্যের সাথে অংশীদারিত্বের সাথে পরিবেশগত সুরক্ষার বিষয়ে স্থানীয় সম্প্রদায়গুলিকে সম্পৃক্ত করতে এবং লং আইল্যান্ড আগামী প্রজন্মের জন্য নিরাপদ, সুন্দর এবং বাসযোগ্য থাকা নিশ্চিত করার জন্য কাজ চালিয়ে যাবে।"

**নিউ ইয়র্ক স্টেটের রাষ্ট্রের নেতৃত্বকারী জলবায়ু পরিকল্পনা (New York State's Nation-Leading Climate Plan)**

নিউ ইয়র্ক রাজ্যের দেশ-নেতৃত্ব স্থানীয় জলবায়ুর কর্মসূচী হল দেশের সব চেয়ে আক্রমণাত্মক জলবায়ু এবং পরিচ্ছন্ন শক্তির উদ্যোগ, যা পরিচ্ছন্ন শক্তিতে একটি সুশৃঙ্খল এবং ন্যায়সঙ্গত পরিবর্তনের আহ্বান জানায় যা কর্মসংস্থান সৃষ্টি করে এবং নিউ ইয়র্ক রাজ্য কোভিড-19 থেকে সেরে ওঠার সাথে সাথে সবুজ অর্থনীতির বিকাশ অব্যাহত রাখে। জলবায়ু নেতৃত্ব এবং কমিউনিটি সুরক্ষা আইনের মাধ্যমে আইনে অন্তর্ভুক্ত, 2040 সালের মধ্যে শূন্য-নির্গমন বিদ্যুৎ খাতের লক্ষ্যমাত্রা অর্জনের পথে নিউ ইয়র্ক এগিয়ে চলেছে, যার মধ্যে অন্তর্ভুক্ত আছে 2030

সালের মধ্যে 70 শতাংশ নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং অর্থনীতিতে ব্যাপক কার্বন নিরপেক্ষতায় পৌঁছানো। স্টেট জুড়ে 91 টি বিশাল মাত্রার নবায়নযোগ্য প্রকল্পে 21 বিলিয়নের ডলারে বেশি, বিল্ডিং থেকে নিঃসরণ হ্রাস করার জন্য 6.8 বিলিয়ন ডলারে, সৌরশক্তির মাত্রা বৃদ্ধি করার জন্য 1.8 বিলিয়ন ডলারে, স্বচ্ছ পরিবহন উদ্যোগগুলির জন্য 1 বিলিয়নের ডলারে বেশি, এবং NY গ্রীন ব্যাংক-এর প্রতিশ্রুতিতে $1.2 বিলিয়নের বেশি সহ, এটি স্বচ্ছ শক্তির মাত্রা বৃদ্ধি করার জন্য নিউ ইয়র্কের অভূতপূর্ব বিনিয়োগের ওপরে নির্মাণ করে। সম্মিলিতভাবে, এই বিনিয়োগগুলি 2019 সালে নিউইয়র্কের পরিচ্ছন্ন শক্তি খাতে 150,000 এরও বেশি চাকরি, 2011 থেকে বিতরণকৃত সৌর খাতে 2,100 শতাংশ বৃদ্ধি এবং 2035 সালের মধ্যে 9,000 মেগাওয়াট অফশোর বাতাস বিকাশের প্রতিশ্রুতিকে সমর্থন করছে। ক্লাইমেট অ্যাক্টকে তার নির্দেশিকা হিসেবে নিয়ে, নিউ ইয়র্ক এই অগ্রগতির উপর ভিত্তি করে গড়ে তুলবে এবং 2050 সালের মধ্যে 1990 সালের তুলনায় গ্রিনহাউজ গ্যাসের নির্গমন 85 শতাংশ হ্রাস করবে এবং সুবিধাবঞ্চিত সম্প্রদায়ের জন্য পরিচ্ছন্ন শক্তি বিনিয়োগের 40 শতাংশ লক্ষ্যমাত্রার অন্তত 35 শতাংশ নির্দেশিত করবে, এবং রাজ্যের 2025 সালের শক্তির দক্ষতা লক্ষ্য যা হল চূড়ান্ত ব্যবহারকারীর সঞ্চয় অন-সাইট শক্তির খরচ 185 ট্রিলিয়ন BTU-এ হ্রাস করা, টার উদ্দেশ্যে অগ্রসর হওয়া।

###

অতিরিক্ত সংবাদ পাওয়া যায় www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন